220

দৈনিক সংবাদ

তারিখ 02 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েটের বিবৃতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট গতকাল শনিবার এক বিবৃতিতে সিনেটের চেয়ারম্যান হিসেবে সরকারের যোগসাজশে উপাচার্যের দলীয় অবস্থান অবলম্বন করায় তীব্র নিন্দা জানিয়েছে।

বিবৃতিতে তারা সিনেট অধিবেশনের উপাচার্যের ভূমিকার বিস্তারিত উল্লেখ করে বলেন, সরকার জাতীয় সংসদের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটকেও কুক্ষিগত ও অকার্যকর করার জন্য একটি নীল নকশা অনুযায়ী অগ্রসর হয় এবং উপাচার্য এমাজউদ্দিন আহমদ সিনেটের চেয়ারম্যান হিসেবে নিরপেক্ষ না থেকে বরং পক্ষ অবলম্বন করেন ও সরকারি নীল নকশা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালনে এগিয়ে আসেন। এর ফলে সিনেটের চেয়ারম্যান হিসেবে উপাচার্যের উপর আস্থা রাখার আর কোন অবকাশ নেই এবং আমরা মনে করি এর পর সিনেটে চেয়ারম্যান হিসেবে তার অধিষ্ঠিত থাকার কোন নৈতিক অধিকার নেই।